গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মার্চ ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শেখ মুজিবর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)। |
| তারিখ ও সময় | : | ২৫.০৩.২০১৮ খ্রিঃ, সকালঃ ১১:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, প্রশাসনের কার্যক্রমকে আরো গতিশীল ও সহজতর করার জন্য ইনোভেশনের গুরুত্ব অপরিসীম। নতুন নতুন ইনোভেশনের মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্টগুলো সামনে রেখে এদেশের জনগণের স্বাস্থ্য সেবা আরো সহজীকরণ করতে হবে। তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে মাঠ পর্যায়ের ইনোভেশনগুলোকে বাছাই করে শোকেসিং এর ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করেন। ইনোভেটরদের পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন-৪ অধিশাখাকে অনুরোধ করেন।

০২. **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব মো: লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে সর্বসম্মতিক্রমে বিনা সংশোধনীতে তা দৃঢ়ীকরণ করা হয়।

০৩. **ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণঃ** সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তরসমূহকে বছরে ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের প্রশিক্ষণের বাজেট তৈরি করতে নির্দেশনা প্রদান করেন।

০৪. **রেপ্লিকেশনের অগ্রগতি:** সভাপতি রেপ্লিকেশনের অগ্রগতির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) জানান, "কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্য ব্যবস্থার মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো" এবং "সরকারি হাসপাতালে বহিঃ বিভাগে সেবা প্রদান সহজীকরণ" প্রকল্প দুটি ২৬ জেলা/উপজেলায় রেপ্লিকেশনের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে।

০৫. **শোকেসিং ওয়ার্কশপ:** জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) জানান যে, গত শোকেসিং এ অনির্বাচিত প্রকল্পগুলোসহ এ পর্যন্ত ৩৬টি প্রকল্প মন্ত্রণালয়ে জমা পড়েছে। এর মধ্য হতে শোকেসিং'র জন্য প্রকল্প বাছাই করতে হবে। তবে সভাপতি বিভিন্ন অধিদপ্তরসমূহ থেকে নতুন প্রকল্পের নাম সংগ্রহ করে একটি নতুন তালিকা তৈরি করতে পরামর্শ প্রদান করেন। অধিদপ্তরগুলোকে চলতি মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের জন্য বাছাইকৃত প্রকল্পের নতুন তালিকা মন্ত্রণালয়ে প্রেরণে জন্য অনুরোধ জানান। তিনি উপসচিব (মনিটরিং ও সমন্বয়) কে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে এপ্রিল-মে, ২০১৮ মাসের মধ্যে তিনটি প্রকল্প বাছাই সভা আয়োজনের জন্য অভিমত ব্যক্ত করেন। উক্ত সভায় ইনোভেটরগণ তাদের প্রকল্পগুলোর কার্যক্রম উপস্থাপন করবেন। জুন, ২০১৮ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন।

০৬. **মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শন:** সভাপতি মহোদয় মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্প নিয়মিত পরিদর্শনের জন্য অধিদপ্তরসমূহে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও যে সকল কর্মকর্তা জেলা পর্যায়ে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতাল পরিদর্শনে যাবেন, তাদের ইনোভেশন প্রকল্পগুলো (যদি থাকে) পরিদর্শনের জন্য উপসচিব (প্রশাসন-৪) অধিশাখাকে অনুরোধ জানাতে নির্দেশ দেন।

০৭. **হেল্প ডেস্ক চালু:** সভাপতি মহোদয় জানান, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারী ও দর্শনার্থীদের দাপ্তরিক প্রয়োজনে সচিবালয়ে প্রবেশ করে কাঙ্খিত দপ্তর পেতে সমস্যা হয়। তিনি দর্শনার্থীদের তথ্য প্রদানের জন্য মন্ত্রণালয়ে একটি হেল্প ডেস্ক চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও অফিসারগণের নাম, পদবী ও কক্ষ নং সম্মিলিত অনুবিভাগ ভিত্তিক তালিকা বোর্ড তৈরি করে মন্ত্রণালয়ের প্রবেশ পথের সুবিধাজনক অবস্থানে রাখতে অনুরোধ করেন ।

০৮. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০৮.১: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

০৮.২: মন্ত্রণালয় ও অধিদপ্তরকে প্রতি অর্থ বছরে কর্মপরিকল্পনা অনুসারে ০২ (দুই) ও ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে;

০৮.৩: শোকেসিং এর জন্য ইনোভেশন কর্মকর্তাদের সমাপ্ত প্রকল্পগুলোর নতুন করে তালিকা তৈরী করতে হবে। এজন্য অধিদপ্তরসমূহকে পত্র প্রেরণ করতে হবে। প্রয়োজনে এটুআই কর্মকর্তাদের সাথে যোগাযোগের মাধ্যমে অসমাপ্ত প্রকল্পগুলো তালিকায় অন্তর্ভূক্ত করে অধিদপ্তর/দপ্তর হতে আনয়ন করতে হবে;

০৮.৪: প্রাপ্ত ৩৬টি প্রকল্পের মধ্যে ২টি অথবা ৩টি প্রকল্প বাছাইয়ের (Project Scrutiny) জন্য সভার আয়োজন করতে হবে;

০৮.৫: এপ্রিল-মে, ২০১৮ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়নে সভা আয়োজন করতে হবে;

০৮.৬: সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ-কে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ Human Resource সংক্রান্ত Database Software প্রস্তুত করতে হবে;

০৮.৭: দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে; এবং

০৮.৮: কর্মকর্তাদের নাম, পদবী, অনুবিভাগ ভিত্তিক শাখা/অধিশাখার নাম ও রুম নম্বর সম্বলিত নির্দেশিকা বোর্ড তৈরী করে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

০৯. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ০২ এপ্রিল ২০১৮
(শেখ মুজিবর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-১১৩

তারিখঃ ২০ চৈত্র ১৪২৪ / ০৩ এপ্রিল ২০১৮

সভার কার্যবিবরণী সদয় অবগতিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. উপসচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

৮. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থে:**

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

৩/০৪/২০১৮

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
ই-মেইল: monitor@mohfw.gov.bd